

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৪.২০১৯/ ২৪৫৫/৬

তারিখ: ২৪/০৬/২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার কাপাসিয়া ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান।

সূত্র: অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) এর পত্র নং-৯৭৬ কেসি/১৯; তারিখ: ২৮/০৫/২০১৯ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ৬ জুন ২০১১ এবং ৯ জুলাই ২০১২ পরিপত্র লঙ্ঘনের মাধ্যমে গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার কাপাসিয়া ডিগ্রি কলেজের জ্যেষ্ঠতমকে বঞ্চিত করে জ্যেষ্ঠতাক্রমের তৃতীয় শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব দেয়ায় জনাব মোঃ আব্দুছ ছালাম, সহকারী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি অভিযোগ করেন। সে প্রেক্ষিতে আবেদনের সাথে হালনাগাদ শিক্ষক-কর্মচারীর স্বাক্ষরযুক্ত তালিকা না থাকায় তা প্রেরণ করার জন্য অধ্যক্ষকে ২৯/০৫/২০১৯ খ্রি. তারিখ (স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৪.২০১৯/২১২৭/২; তারিখ: ২৯/০৫/২০১৯ খ্রি.) পত্র দেয়া হয়। কিন্তু অদ্যাবধি অধ্যক্ষ তা প্রেরণ করেননি।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, ০৬/০৬/২০১১ খ্রি. তারিখের পরিপত্রের ৩নং অনুচ্ছেদ ও শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪, ০৯/০৭/২০১২ খ্রি. তারিখের ৩.১ নং অনুচ্ছেদ মোতাবেক বেসরকারি কলেজে অধ্যক্ষের শূণ্য পদে জ্যেষ্ঠতম শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ১৩/০৫/২০১৯ খ্রি. তারিখে জারিকৃত ৩৭.০২.০০০০.১০৫.৯৯. ০১০.২০১৮ .১৮৩১ নং পত্রে অধ্যক্ষের ৬০ বছর উত্তীর্ণ হওয়ার পর দায়িত্বপালনরত শিক্ষক-কর্মচারীকে পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষকের কাছে দায়িত্ব হস্তান্তরের জন্য নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয় এবং মাউশির পত্রের নির্দেশনা মোতাবেক আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে জ্যেষ্ঠতম শিক্ষককে দায়িত্ব প্রদান করে অত্র অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।


(মো: এনামুল হক হাওলাদার)
উপপরিচালক (কলেজ-২)
ফোন নং- ৯৫৫৭৬৯১
Email-ncollege@dshe.gov.bd

সভাপতি
পরিচালনা পরিষদ
কাপাসিয়া ডিগ্রি কলেজ
কাপাসিয়া, গাজীপুর
ও
জেলা প্রশাসক, গাজীপুর

অনুলিপি প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), কাপাসিয়া ডিগ্রি কলেজ, কাপাসিয়া, গাজীপুর
- ২। ম্যানেজার, অগ্রণী ব্যাংক লি. কাপাসিয়া শাখা, গাজীপুর
- ৩। সংরক্ষণ নথি।



স্মারক নং ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০১০.২০১৮-১৮৩১

তারিখ : ৩০/০১/১৪২৬ বঙ্গাব্দ
১৩/০৫/২০১৯ খ্রিস্টাব্দ

“জরুরী বিজ্ঞপ্তি”

শিক্ষা মন্ত্রণালয়ের ১২/০৬/২০১৮ তারিখের ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.২৪৫ সংখ্যক স্মারকপত্র মোতাবেক বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ জারি করা হয়। জারিকৃত জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ ধারা অনুযায়ী “শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ ৬০(ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারীকে কোন অবস্থাতেই পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেওয়া যাবে না”। বিদ্যমান জনবল কাঠামো অনুযায়ী চুক্তিভিত্তিক নিয়োগে নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও কোন কোন প্রতিষ্ঠানের গভর্নিং বডি প্রতিষ্ঠান প্রধান/সহ:প্রধান/শিক্ষক-কর্মচারীকে চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া হচ্ছে মর্মে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অভিযোগ পাওয়া যায়।

মন্ত্রণালয়ের পরিপত্র নং শিম/শা:১১/৩-৯/২০১১/৪৮৪ তারিখ : ০৯/০৭/২০১২ মোতাবেক অধ্যক্ষের অনুপস্থিতিতে উপাধ্যক্ষ দায়িত্ব পালন করবেন। উপাধ্যক্ষ না থাকলে জনবল কাঠামো-২০১৮ এর ১৩ ধারা অনুযায়ী পরবর্তী জ্যেষ্ঠ শিক্ষক অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, জনবল কাঠামো-২০১৮ এর ১১.৬ ধারার নিষেধাজ্ঞা লংঘন করে বয়স ৬০ বছর পূর্ণ হবার পর পুনঃনিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগের অভিযোগ প্রমাণিত হলে জনবল কাঠামো-২০১৮ এর ১৮.১ (ক), (খ) ও (চ) অনুচ্ছেদ অনুযায়ী সরকারের নির্দেশনা প্রতিপালন না করার দায়ে প্রতিষ্ঠানের বেতন-ভাতার সরকারি অংশ স্থগিতকরণসহ প্রতিষ্ঠানের গভর্নিং বডির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক(কলেজ-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭।

ই-মেইল : ncollege@dshe.gov.bd